# Times Today BD

শাহজাহান আলী বিপাশ। খুলনা। 10 April, 2025

ঝিনাইদহের শৈলকুপার বিষ্ণুপুর গ্রামে আধিপত্য বিস্তার নিয়ে দু-পক্ষের সংঘর্ষে অন্তত ১০ জন আহত হয়েছে।বুধবার রাতে এ ঘটনা ঘটে। সেসময় আহতদের মধ্যে ৬ জনকে ঝিনাইদহ সদর হাসপাতালে ভর্তি করা হয়।

স্থানীয়রা জানায়, শৈলকূপা উপজেলার উমেদপুর ইউনিয়নের বিষ্ণুপুর গ্রামে স্থানীয় ইউপি সদস্য কপিল বিশ্বাস এর সাথে রইচ ও মান্নান মেম্বর গ্রুপের এলাকায় আধিপত্য বিস্তার নিয়ে বিরোধ চলছিল।এরই জেরে বুধবার রাত ১০ টার দিকে উভয় পক্ষের সমর্থকরা ধারালো অস্ত্র, লাঠি নিয়ে বিষ্ণুপুর গ্রামে সংঘর্ষে জড়িয়ে পড়ে।

শৈলকুপা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মাসুম খান জানান, খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌছে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।সেখানে অতিরিক্ত পুলিশ মোতায়েন রয়েছে।তবে তাৎক্ষণিক ভাবে কাউকে আটক করা যায়নি।

সংঘর্ষ আহত পুলিশ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 29 June, 2025 08:16

URL: https://www.timestodaybd.com/khulna/574928388